# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২৬৬৫ www.eduresultbd.com তারিখ ঃ ১৮, জৈষ্ঠ্য, ১৪২২ বঙ্গাব্দ / ০১, জুন ২০১৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১২ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখসহ নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষা আগামী আগস্ট/২০১৫ থেকে শুরু হবে। বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরে জানানো হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক
ওয়েব সাইটঃ www.nubd.info/mf
ই-মেইলঃ mf@nubd.info

১। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/ নিয়মাবলী ঃ

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ ডাটা এন্ট্রি করার সময়সীমাঃ | ০৮/০৬/২০১৫ হতে ০২/০৭/২০১৫ |
| খ) | আবেদন ফরম ও বিবরণী ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের সময়সীমাঃ | ১১/০৬/২০১৫ হতে ০৫/০৭/২০১৫ |
| গ) | Pay slip সংগ্রহঃ (বিস্তারিত- ১০(খ ও গ) দ্রষ্টব্য) | ০৬/০৭/২০১৫ হতে ০৭/০৭/২০১৫ |
| ঘ) | উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং টিউটোরিয়াল নম্বরের মূল ম্যানুয়াল কপি ও প্রিন্ট কপির ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ে/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখঃ | ০৯/০৭/২০১৫ |

২। ২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার এম.মিউজ, লাইব্রেরী সায়েন্স এবং আইসিটি ব্যতীত পুন:নির্ধারিত ফিঃ

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি | ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ক. | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | ছ. | টিউটোরিয়াল পরীক্ষার ফি-<br>i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>ii) কলেজে জমা হবে- ১৫০/- | ২৫০/- |
| খ. | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | | | |
| গ. | ব্যবহারিক পরীক্ষার ফি | ২৫০/- | জ. | বিশেষ অর্ন্তভূক্তি ফি (মানোন্নয়ন ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য অন্যান্য ফি-এর অতিরিক্ত) | ৩০০/- |
| ঘ. | মৌখিক পরীক্ষার ফি | ২৫০/- | ঝ. | থিসিস ফি | ১৫০০/- |
| ঙ. | কেন্দ্র ফি- তত্ত্বীয় (কেন্দ্র-৬০% + কলেজ-৪০%) | ৩৫০/- | ঞ. | সাময়িক সনদ (প্রতি নিয়মিত পরীক্ষার্থী) ফি | ৩০০/- |
| চ. | কেন্দ্র ফি- ব্যবহারিক (কলেজে জমা হবে) | ১২০/- | ট. | নম্বরপত্র (প্রতি নিয়মিত পরীক্ষার্থী) ফি | ৩০০/- |

২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)ঃ www.eduresultbd.com

| ক্রম | বিবরণ | | | মোট ফি |
|---|---|---|---|---|
| ক. | এমএ/এমএসএস/এমবিএস (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | | | ১৯৫০/- |
| খ. | এম.এসসি (নিয়মিত ও অনিয়মিত) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | ১. | পদার্থবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, মনোবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, ভূগোল | ২১০০/- |
| | | ২. | গণিত, পরিসংখ্যান, উদ্ভিদ বিজ্ঞান | ২২০০/- |
| | | ৩. | মৃত্তিকা বিজ্ঞান | ২৩৫০/- |
| | | ৪. | রসায়ন | ২৩০০/- |
| | | ৫. | প্রাণ রসায়ন | ২১৫০/- |
| গ. | মানোন্নয়ন এবং অকৃতকার্য পরীক্ষার্থীর ক্ষেত্রে (অর্ন্তভূক্তি ফি-৩০০/- টাকাসহ পত্র সংখ্যা অনুযায়ী) | | | |
| ঘ. | শুধুমাত্র মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | | | ১০০০/- |
| ঙ. | এম.মিউজ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | | | ৩৫২০/- (নির্ধারিত) |
| চ. | লাইব্রেরী সায়েন্স বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | | | ২১৫০/-(নির্ধারিত) |
| ছ. | থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | | | ১৫০০/- |
| জ. | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | | | ৭০০/-(নির্ধারিত) |

**বিঃ দ্রঃ- নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের ৪০% পরিমান নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে অবশিষ্ট ৬০% নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- (১) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর টিউটোরিয়াল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয় ওয়ারী আলাদা খামে সিলগালা করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।
(২) মৌখিক/ ব্যবহারিক/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ www.eduresultbd.com

ক) ২০১১-২০১২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থী।

খ) ২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত প্রাইভেট শিক্ষার্থী।

গ) শুধু ২০১১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পরীক্ষায় উত্তীর্ণ (৪০% বা বেশী নম্বর) হয়েছে কিন্তু তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর না পাওয়ায় অকৃতকার্য হয়েছে তারা তত্ত্বীয় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু সে সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। এ ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীদের ৪৫% এর বেশী পাওয়া তত্ত্বীয় পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ক্ষেত্রে ২০১১ এবং ২০১২ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মধ্যে যেটি বেশী সে নম্বর গ্রহণ করে ফলাফল প্রকাশ করা হবে। ২০১০ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কারও কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পূর্বেই জেনে নিতে হবে। www.eduresultbd.com

ঘ) (i) ২০১০-২০১১ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১১ শিক্ষাবর্ষে নিবন্ধিত (প্রাইভেট) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি তারাও ২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১০ শিক্ষাবর্ষে নিবন্ধিত (প্রাইভেট) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে অথবা আংশিক পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা ২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে, শর্ত থাকে যে, উক্ত পরীক্ষার্থীকে সকল পত্রেই অংশগ্রহণ করতে হবে।

(iii) অকৃতকার্য পরীক্ষার্থীদের মৌখিক/ব্যবহারিক/টিউটোরিয়াল/মাঠকর্ম/মনোগ্রাফ পরীক্ষায় পূর্ববর্তী বছরের প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

ঙ) শুধু ২০১১ সালের পরীক্ষায় তত্ত্বীয় পত্রে উত্তীর্ণ (গড়ে ৩৬% নম্বর প্রাপ্ত) কোন পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ যে কোন একটি পত্রে অকৃতকার্য (৪০% এর কম নম্বর) হলে ২০১২ সালে ঐ এক পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ২০১১ সালের তত্ত্বীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একাধিক পত্রে অকৃতকার্য পরীক্ষার্থীকে সকল পত্রের (তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। ২০১২ সালের ICT সহ এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ www.eduresultbd.com

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র ২০১১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্র/ছাত্রীগণ নিম্নে উল্লিখিত শর্তে ২০১২ সালের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে-

ক) তৃতীয় শ্রেণী প্রাপ্ত একজন ছাত্র/ছাত্রী শুধু পরবর্তী বছর তত্ত্বীয় পরীক্ষায় সংশ্লিষ্ট বছরের জন্য প্রযোজ্য সিলেবাসের আওতায় মাত্র একবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কর্মরত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে পরীক্ষা পাশের ০৩ (তিন) বছরের মধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) মানোন্নয়নের ক্ষেত্রে পরীক্ষার্থীদের টিউটোরিয়াল/মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় তার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

গ) মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করে পরীক্ষার্থীর পাশের শ্রেণী উন্নীত হলে তার পূর্বে প্রাপ্ত তৃতীয় শ্রেণী ডিগ্রি প্রত্যাহার করা হবে। দ্বিতীয় বা প্রথম শ্রেণীতে উন্নীত না হলে তার পূর্বে প্রাপ্ত শ্রেণী বহাল থাকবে। এক্ষেত্রে শ্রেণী উন্নয়ন না হয়ে প্রাপ্ত নম্বরের উন্নয়ন হলে আবেদন সাপেক্ষে পূর্বে গৃহীত নম্বর ও সনদপত্র জমা দিয়ে নতুন নম্বর ও সনদপত্র গ্রহণ করতে পারবে।

৬। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ডাটা এন্ট্রি করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৭। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

গ) মানোন্নয়নের জন্য পরীক্ষার্থীকে সতর্কতার সহিত নিজ দায়িত্বে পত্রকোড এন্ট্রি দিতে হবে।

৮। কলেজের জন্য করণীয়ঃ- www.eduresultbd.com

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে College Log-in-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile- কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর টিউটোরিয়াল (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) মাস্টার্স শেষ পর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) টিউটোরিয়াল, মৌখিক, ব্যবহারিক ও মাঠকর্ম পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান, আন্তঃ ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসাবে ধরা হবে।

৯। বিবরণী ফরম জমার নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরম বিষয়ওয়ারী নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন/প্রাইভেট পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line এ ডাটা এন্ট্রি করতে হবে। বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে এন্ট্রিকৃত বিবরণীর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বিষয়ওয়ারী আলাদা আলাদা ভাবে বাঁধাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং এর এক সেট ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

খ) বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানাঃ

| | | |
|---|---|---|
| ঢাকা বিভাগের জন্যঃ<br>জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।<br>ফোনঃ ০২-৯২৯১০৪৭ | আঞ্চলিক কেন্দ্রঃ চট্টগ্রাম<br>মাস্টার কটেজ, বাড়ী#৪৩, রোড নং-০১, ভি আই পি এইচ/এস, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।<br>ফোনঃ ০৩১-২৫১৫৭২৪, ০১৭৪০-৯৪৪৬০৮ | আঞ্চলিক কেন্দ্রঃ রাজশাহী<br>বাড়ী#০৫, রোড#০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১ |
| আঞ্চলিক কেন্দ্রঃ রংপুর<br>বাড়ী#৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোনঃ০৫২১-৫৬০১৫ | আঞ্চলিক কেন্দ্রঃ খুলনা<br>বাড়ী#২৭৭. রোড#০১,<br>কেডিএ আবাসিক এলাকা, খুলনা-৯০০০।<br>ফোনঃ ০৪১-৭৩৬৭৬ | আঞ্চলিক কেন্দ্রঃ বরিশাল<br>হোল্ডিং নং#০০০১০০০, ওয়ার্ড নং-১২, মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮ |
| আঞ্চলিক কেন্দ্রঃ সিলেট<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২ | | |

১০। বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের নিয়মাবলী ঃ www.eduresultbd.com

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লিখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী সেবা এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দেয়া যাবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উল্লিখিত ওয়েবসাইট-এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

গ) Pay Slip সংগ্রহের জন্য ০৬/০৭/২০১৫ সকাল ১০:০০ টা থেকে ০৭/০৭/২০১৫ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

ঘ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য মো: হুমায়ুন কবির, সহকারী সিস্টেম এনালিস্ট, ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

ঙ) পরীক্ষার্থীদের সমস্যা নিরসনের জন্য ০১৯৫৫০৭০২৯৭, ০১৯৫৫০৭০২৯৮, ০১৯৫৫০৭০২৯৯ ও ০১৯৬৬৮৯৪৭০৩ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১১। বিবিধঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত নির্দিষ্ট বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

ঙ) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর/অনার্স/মাস্টার্স ১ম পর্বের ফলাফল ব্যবহার করে অন্য কোন পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।

চ) যে সব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েব সাইটে প্রবেশপত্রের ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর
ফোনঃ ৯২৯১০১৭
ফ্যাক্সঃ ৯২৯১০৪৪

www.eduresultbd.com

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২৬৬৫

তারিখ ঃ ১৮, জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ
০১, জুন ২০১৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। প্রো-ভাইস-চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। ট্রেজারার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩। ডীন, স্নাতকোত্তর শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
(সকল আঞ্চলিক কেন্দ্র-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৯। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১০। প্রক্টর, শৃংখলা ও নিরাপত্তা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১১। উপ-রেজিস্ট্রার, একাডেমিক (মাস্টার্স ও প্রফেশনাল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১২। উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১৩। অধ্যক্ষ, মাস্টার্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
১৪। অফিস কপি।

(মোঃ ইদ্রিস আলী সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাস্টার্স শেষ পর্ব শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোনঃ ৯২৯১০৪৭